



পুলিশের ইউনিফর্ম বদলের সিদ্ধান্তে পুনর্বিবেচনার আহ্বান



সংগৃহীত ছবি

পুলিশ সদস্যদের পোশাক পরিবর্তনের প্রস্তাব নিয়ে আপত্তি জানিয়েছে বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন।

সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাতে সংগঠনের সাধারণ সম্পাদক ও কুমিল্লার পুলিশ সুপার মো. আনিসুজ্জামান স্বাক্ষরিত এক বিবৃতিতে এ দাবি জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, ২০০৩ থেকে ২০০৮ সালের মধ্যে গঠিত একটি কমিটির সুপারিশের ভিত্তিতে বর্তমান ইউনিফর্ম নির্ধারণ করা হয়েছিল। তখন রঙের ব্যবহার, দেশের আবহাওয়া, দিন ও রাতের দায়িত্ব পালনের সুবিধা এবং সহজে শনাক্তযোগ্যতার বিষয়গুলো গুরুত্ব দেওয়া হয়।

সংগঠনটির মতে, নতুন পোশাকের নকশা ও রঙ যদি অন্যান্য বাহিনীর ইউনিফর্মের সঙ্গে মিল থাকে, তাহলে মাঠপর্যায়ে পুলিশ সদস্যদের দ্রুত চিহ্নিত করা কঠিন হয়ে পড়তে পারে। এতে দায়িত্ব পালনে বিভ্রান্তির ঝুঁকি তৈরি হওয়ার আশঙ্কা রয়েছে।

এছাড়া ১২ ফেব্রুয়ারি ২০২৬ সালের জাতীয় নির্বাচনে অধিকাংশ পুলিশ সদস্য বর্তমান পোশাকেই দায়িত্ব পালন করে প্রশংসা কুড়িয়েছেন বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়। ইউনিফর্ম পরিবর্তনে বড় অঙ্কের ব্যয় হবে উল্লেখ করে সংগঠনটি বলেছে, এ অর্থ পুলিশ বাহিনীর আধুনিকায়ন ও লজিস্টিক সক্ষমতা বাড়াতে ব্যয় করাই অধিক যুক্তিসঙ্গত হবে।